

AP-2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
(www.bpsc.gov.bd)

নম্বর : ৮০.১০৮.০১১.০৪.৩৩.০২৩.২০১৪-১৬০

তারিখ : ১৯ এপ্রিল, ২০১৬।

বিষয় : ৩৪তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের প্রথম শ্রেণীর নন-ক্যাডার পদে নিয়োগের জন্য মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

- সূত্র : (১) কর্ম কমিশন সচিবালয়ের ০৫-০৪-২০১৬ তারিখের পত্র নং-৮০.২০০.০৬৪.০০.০০.০০৭.২০১৫/৮১।
(২) কৃষি মন্ত্রণালয়ের ১৫-১২-২০১৫ তারিখের পত্র নং-১২.০৬৪.০০০০.০৭.১১.০২.২০১৩-৪৪৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের ১৫-১২-২০১৫ তারিখের ৪৪৯ নং স্মারকে ১ম শ্রেণীর 'তুলা উন্নয়ন কর্মকর্তার' ৫টি শূন্য পদের ৫০% হিসেবে ৩৪তম বিসিএস এর লিখিত এবং মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের মধ্যে হতে সুপারিশ করার জন্য পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) শাখায় রিকুইজিশন প্রেরণ করা হয়েছিল। উক্ত রিকুইজিশনের প্রেক্ষিতে নন-ক্যাডার নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ অনুসরণে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন নিম্নোক্ত ০৩ (তিন) জন প্রার্থীকে মেধা এবং প্রচলিত কোটা পদ্ধতি অনুসরণ করে কমিশন নিয়োগের জন্য সাময়িকভাবে (Provisionally) সুপারিশ করেছে :-

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	পদের নাম	সুপারিশকৃত প্রার্থীর নাম ও রেজিঃ নম্বর	সুপারিশের ভিত্তি
১)	কৃষি মন্ত্রণালয়ের অধীন তুলা উন্নয়ন বোর্ড	তুলা উন্নয়ন কর্মকর্তা	মোঃ জাহিদ হাসান মিলন রেজিঃ নম্বর- ২০১৫২২	মেধা
২)	ঐ	ঐ	সাবিহা রোকসানা রেজিঃ নম্বর- ২০৮১৭৬	মহিলা
৩)	ঐ	ঐ	মোঃ রেফাতুল ইসলাম রেজিঃ নম্বর- ১২২৬১৪	মুক্তিযোদ্ধা

২। নিয়োগপত্র জারির পূর্বে যথাযথ এজেন্সীর মাধ্যমে সুপারিশকৃত প্রার্থীদের প্রাক নিয়োগ চরিত্র যাচাই এবং স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে বিধি অনুযায়ী স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে।

৩। বর্ণিতব্যস্থায়, সুপারিশকৃত ০৩(তিন) জন প্রার্থীর নন-ক্যাডার পদের জন্য কমিশনে জমাকৃত দরখাস্ত এবং ৩৪তম বিসিএস এর জন্য জমাকৃত মূল আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ এতদসঙ্গে প্রেরণ করা হলো। উল্লিখিত কাগজপত্রের প্রাপ্তি স্বীকার পত্র প্রেরণ এবং কমিশনের সুপারিশের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা সম্পর্কে যথাসময়ে কর্ম কমিশনকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

- ১) ৩৪তম বিসিএস পরীক্ষার মূল আবেদনপত্র ৩(তিন) টি।
(শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও পুলিশ প্রত্যয়নসহ)।
- ২) নন-ক্যাডার পদের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষার আবেদনপত্র ৩(তিন) টি।

স্বাক্ষরিত/-

(মোঃ নূরুন নবী তালুকদার)

সচিব

ফোন : ৫৫০০৬৬২২

E-mail- secretary@bpsc.gov.bd

সচিব
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সরকার
ঢাকা।

নম্বর : ৮০.১০৮.০১১.০৪.৩৩.০২৩.২০১৪-১৬০

তারিখ : ১৯ এপ্রিল, ২০১৬।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার ও তথ্য প্রযুক্তি শাখা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
(সুপারিশ সংক্রান্ত স্মারকটি পিএসসির ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪) মাননীয় চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, ঢাকা।
- ৫) বিজ্ঞ সদস্য-৫ এর ব্যক্তিগত কর্মকর্তা, (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৬) অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ জহিরুল হক)
পরিচালক (ইউনিট-৮)